# কুয়েটে নিষিদ্ধ হলো ছাত্ররাজনীতি, জড়িত হলে ছাত্রত্ব বাতিল-স্থায়ী বহিষ্কার

অনলাইন ডেস্ক

১০ মার্চ, ২০২৫ ২১:২৯

শেয়ার

অ +

অ -




সংগৃহীত ছবি

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) থেকে সব ধরনের ছাত্ররাজনীতি নিষিদ্ধ করা হয়েছে। আজ সোমবার (১০ মার্চ) কুয়েটের ছাত্র কল্যাণ পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ সুলতান মাহমুদ স্বাক্ষরিত এক জরুরি বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের ৯৩তম (জরুরি) ও ৯৮তম (জরুরি) সভার সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষার্থীদের সব ধরনের রাজনৈতিক সংগঠনের কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ততা নিষিদ্ধ ঘোষণা করা হয়। এ ছাড়া সিন্ডিকেটের ৯৮তম (জরুরি) সভার সিদ্ধান্ত অনুযায়ী রাজনীতির সঙ্গে জড়িত শিক্ষার্থীদের ক্ষেত্রে তদন্ত সাপেক্ষে সর্বোচ্চ শাস্তি আজীবন বহিষ্কার ও ছাত্রত্ব বাতিল করা হবে।

**আরো পড়ুন**



পাগল বেশে মেয়েদের উত্ত্যক্ত করা সেই হৃদয় আটক

এই সিদ্ধান্তসমূহ একাডেমিক অর্ডিন্যান্স রুলস ও রেগুলেশনসের ছাত্র শৃঙ্খলা বিধির সাধারণ শৃঙ্খলা ও আচরণ বিধিতে ২০ নং ধারায় নিম্নলিখিতভাবে অন্তর্ভুক্ত করা হলো, ‘কোনো ছাত্র/ছাত্রগোষ্ঠী কোনো ধরনের রাজনৈতিক সংগঠনের কার্যক্রমের সহিত সম্পৃক্ত থাকতে পারবে না। এরূপ ঘটনা বা সরাসরি রাজনীতির সহিত জড়িত শিক্ষার্থীদের ক্ষেত্রে তদন্ত সাপেক্ষে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে। এ ক্ষেত্রে সর্বোচ্চ শাস্তি আজীবন বহিষ্কার এবং ছাত্রত্ব বাতিল।’

জরুরি বিজ্ঞপ্তির শেষে বলা হয়, এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের কোনো ধরনের রাজনৈতিক কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত না থাকার জন্য বলা হলো।